গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ এর কার্যালয়
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
ফোনঃ ০২-৮৮৭৯৩৫৭
ই-মেইল: serhdmon@gmail.com

স্মারক নং: ৩৫.০১.০০০০.০০১.৪৯.০০১.২০২২/৭৪ তারিখঃ ১৮/০১/২০২৩

**বিষয়ঃ একাদশ জাতীয় সংসদের ২১তম অধিবেশনের ২৯ জানুয়ারি, ২০২৩ তারিখে সংসদের বৈঠকে আনীত মৌখিক ও লিখিত প্রশ্নের জবাব প্রদান প্রসঙ্গে।**

সূত্রঃ সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাজেট ও অডিট অধিশাখা এর স্মারক নং-৩৫.০০.০০০০.০১৯.০৯.০০৬.২২-১১ তারিখ: ১৭ জানুয়ারি ২০২৩

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সম্মানের সাথে একাদশ জাতীয় সংসদের ২১তম অধিবেশনের ২৯ জানুয়ারি, ২০২৩ তারিখে অনুষ্ঠিতব্য বৈঠকে প্রশ্নোত্তরের জন্য মাননীয় সংসদ সদস্যগণ কর্তৃক আনীত প্রশ্নসমূহের কপি এতদসঙ্গে সংযুক্ত করা হলো। ৫টি সম্পূরক প্রশ্নসহ তারকা চিহ্নিত মৌখিক প্রশ্ন এবং লিখিত প্রশ্নের জবাব **(Nikosh ফন্টে সফট কপিসহ) eemonrhd@gmail.com এবং serhdmon@gmail.com ঠিকানায় আগামী ১৯/০১/২০২৩ তারিখ বেলা ২.০০ ঘটিকার** মধ্যে আবশ্যিকভাবে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।

**কোন প্রশ্নের পূর্ণাঙ্গ তথ্যের জন্য তাঁর দপ্তর ব্যতীত অন্য কোন দপ্তরে যোগাযোগের প্রয়োজন হলে তা দ্রুততম সময়ের মধ্যে নির্বাহী প্রকৌশলী, সওজ, মনিটরিং বিভাগ (মোবাইল-০১৭৩০-৭৮২৫৩৯)-কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো। এই পত্রটি সংযুক্তিসহ সওজ অধিদপ্তরের ওয়েবসাইটের নোটিশ বোর্ডে পাওয়া যাবে।**

সংযুক্তিঃ বর্ণনামতে।

(মোহাম্মদ মেহেদী ইকবাল)
পরিচিতি নং-৬০১৯৫৬
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃদাঃ), সওজ
মনিটরিং সার্কেল
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী/প্রকল্প পরিচালক-----
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী-----
৩। নির্বাহী প্রকৌশলী----

অনুলিপিঃ

১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, ম্যানেজমেন্ট ইনফরমেশন সেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।(সওজের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
৪। নির্বাহী প্রকৌশলী, সওজ, মনিটরিং বিভাগ, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

Forwading
(Tarana)

"জাতীয় সংসদ সর্বোচ্চ অগ্রাধিকার"

**একাদশ জাতীয় সংসদের ২১তম অধিবেশনের ২৯ জানুয়ারি, ২০২৩ তারিখে সংসদের বৈঠকে আনীত মৌখিক ও লিখিত প্রশ্নের তালিকা।**

| জবাব প্রদানকারী দপ্তর | তারকা চিহ্নিত মৌখিক প্রশ্ন | লিখিত প্রশ্ন |
|---|---|---|
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, টেকনিক্যাল সার্ভিসেস উইং | *৭৫১ | |
| অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, সকল জোন | *৭৩৯ | |
| তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল | *৭২৩ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ফেনী সড়ক বিভাগ | *৭২৯ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ঝিনাইদহ সড়ক বিভাগ | *৭৩১, *৭৬৬ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চট্টগ্রাম সড়ক বিভাগ | *৭৩২, *৭৩৭ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুড়িগ্রাম সড়ক বিভাগ | *৭৩৪ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, গাইবান্ধা সড়ক বিভাগ | *৭৩৫ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বরিশাল সড়ক বিভাগ | *৭৩৬ | ৬০৯, ৬১৭, ৬১৮ |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, দোহাজারী সড়ক বিভাগ | *৭৩৭, *৭৩৮ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কক্সবাজার সড়ক বিভাগ | *৭৩৭ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নাটোর সড়ক বিভাগ | *৭৪০ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুষ্টিয়া সড়ক বিভাগ | *৭৪৪, *৭৬৫ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, মেহেরপুর সড়ক বিভাগ | *৭৪৪ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, চুয়াডাঙ্গা সড়ক বিভাগ | *৭৪৪ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, বরগুনা সড়ক বিভাগ | *৭৪৯ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ময়মনসিংহ সড়ক বিভাগ | *৭৫৩, *৭৬২ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, টাঙ্গাইল সড়ক বিভাগ | *৭৫৬ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, রাজশাহী সড়ক বিভাগ | *৭৫৭ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কিশোরগঞ্জ সড়ক বিভাগ | *৭৫৩ *৭৬২ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সড়ক বিভাগ | *৭৬৭ | |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, জয়পুরহাট সড়ক বিভাগ | *৭৬৮ | ৬২৫ |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, লক্ষ্মীপুর সড়ক বিভাগ | | ৬০৬, ৬১৬ |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নোয়াখালী সড়ক বিভাগ | | ৬১৯ |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, কুমিল্লা সড়ক বিভাগ | | ৬২৪ |
| নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, নওগাঁ সড়ক বিভাগ | | ৬২৫ |

Rahman 26.01.2026

(রিয়াজুর রহমান রাজন)
পরিচিতি নং-৬০২১৯১
নির্বাহী প্রকৌশলী, সওজ
মনিটরিং বিভাগ
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।

Forwading
(Tarana)

## বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
### প্রশ্ন শাখা

২০২৩ সালের ২৯ জানুয়ারি, রবিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে মৌখিক উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

***৭২৩। খঃ মমতা হেনা লাভলী (মহিলা আসন-৩১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের বাণিজ্য সম্প্রসারণের লক্ষ্যে যেই সকল সড়ক বা মহাসড়ক দেশের স্থল বন্দরগুলির সাথে যুক্ত আছে, সেই সকল সড়কগুলির মধ্যে কোন্ কোন্ সড়ক চার বা ছয় লেনে উন্নীত করা হইয়াছে; এবং যেই সকল সড়কগুলি এখনো চার লেনে উন্নীত করা হয় নাই; কবে নাগাদ সেইগুলি চার লেনে উন্নীত করা হইবে? পরিকল্পনা ও কার্যক্রম সার্কেল

***৭২৪। জনাব মো: মোজাফফর হোসেন (জামালপুর-৫):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) পাট চাষিদের সাহায্য ও সহযোগিতায় সরকারের গৃহীত পদক্ষেপ কী; (খ) পাট উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে সরকারিভাবে পাটের মূল্য নির্ধারণসহ গণমাধ্যমে প্রকাশ করিয়া পাট চাষিদের উৎসাহ দেওয়া হইবে কিনা; (গ) পাট উৎপাদনের পর বিক্রির ক্ষেত্রে নগদ মূল্য প্রাপ্তির নিশ্চয়তা বিধানে সরকারের পদক্ষেপ কী?

***৭২৫। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১০ সাল হইতে এই পর্যন্ত বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় কোনো বিধবা/অসহায় মানুষের জন্য কোনো অনুদান/ভাতা প্রদান করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

***৭২৬। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি - (ক) আমার নির্বাচনী এলাকা ১৯১ ঢাকা-১৮ আসনে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের ১৭ নং ওয়ার্ড এর খিলক্ষেত, ৫০ নং ওয়ার্ড এর কসাইবাড়ী, আজমপুর, ৪৭ নং ওয়ার্ড এর ফায়দাবাদে অবস্থিত রেলক্রসিং সিগন্যাল গেট প্রয়োজনের তুলনায় অনুন্নত থাকিবার কারণে এইখানে প্রতিনিয়ত যানজট ও দুর্ঘটনার সৃষ্টি হয়; উক্ত সিগন্যাল গেটগুলিকে আধুনিকায়নের কোনো কর্মপরিকল্পনা আছে কী;

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে; এবং না সূচক হইলে, কেনো?

***৭২৭। নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাল্য বিবাহের কুফল সম্পর্কে সামাজিক আন্দোলন সৃষ্টি করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা?

***৭২৮। জনাব আলী আজম (ভোলা-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে পাট ও পাটজাত দ্রব্যাদি রপ্তানির পরিমাণ কত; গত অর্থ বছরে রপ্তানির পরিমাণ কত ছিল?

***৭২৯। বেগম নাজমা আকতার (মহিলা আসন-৪৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় ফেনী জেলায় রাস্তার পরিমাণ কত; উপজেলাওয়ারী হিসাব কী; এবং উক্ত রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা? (ফেনী)

***৭৩০। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বাংলাদেশ পাটকল কর্পোরেশনের অধীনে বন্ধ ঘোষিত মিলগুলির পাওনা ও অন্যান্য দায় দেনা পরিশোধে ২০২১-২২ অর্থ বছরে বরাদ্দ দেওয়া হইয়াছে; বন্ধ ঘোষিত মিলগুলির দায় দেনা কবে নাগাদ সম্পূর্ণরূপে পরিশোধ হইবে?

*৭৩১। **মোছাঃ খালেদা খানম (মহিলা আসন-২৭)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় ঝিনাইদহ জেলায় সড়ক সম্প্রসারণ ও সংস্কার করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? ঝিনাইদহ

*৭৩২। **জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলাধীন সড়ক সম্প্রসারণ ও লেন বৃদ্ধি করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ ও চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; কোন্ কোন্ সড়ক সম্প্রসারণ ও লেন বৃদ্ধি করা হইবে; সন্দ্বীপ উপজেলা এই প্রকল্পের আওতায় আছে কিনা? চট্টগ্রাম

*৭৩৩। **জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১)**: বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের রেশম চাষীদের রেশম চাষে আরো আধুনিক পদ্ধতি সম্পর্কে প্রশিক্ষণ প্রদানের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা?

*৭৩৪। **জনাব পনির উদ্দিন আহম্মেদ (কুড়িগ্রাম-২)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুড়িগ্রাম জেলাধীন সড়ক সম্প্রসারণ ও লেন বৃদ্ধি করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ ও চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; কোন্ কোন্ সড়ক সম্প্রসারণ ও লেন বৃদ্ধি করা হইবে; প্রকল্পের আওতায় আছে কিনা? কুড়িগ্রাম

*৭৩৫। **উম্মে কুলসুম স্মৃতি (গাইবান্ধা-৩)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকার সাদুল্লাপুর উপজেলা শহর হইতে নলডাঙ্গাগামী রাস্তাটি অত্যন্ত সরু হওয়ায় এবং প্রতিদিন ঐ রাস্তা দিয়া বহু সংখ্যক বাস চলাচল করায় প্রায়ই দুর্ঘটনা ঘটিয়া থাকে; বিধায় রাস্তাটি জরুরিভিত্তিতে সম্প্রসারণ করা প্রয়োজন; রাস্তাটি সম্প্রসারণে আপনার মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা? গাইবান্ধা

*৭৩৬। **মোঃ শাহে আলম (বরিশাল-২)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল হইতে বানারীপাড়া উপজেলা হইয়া স্বরূপকাঠী উপজেলা পর্যন্ত মহাসড়কটি অত্যন্ত ঝুঁকিপুর্ণ ও ব্যস্ততম রাস্তা; তাই এই মহাসড়কটি ফোর লেনে উন্নতি করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; না থাকিলে, তাহার কারণ কী? বরিশাল

*৭৩৭। **বেগম কানিজ ফাতেমা আহমেদ (মহিলা আসন-৮)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কবে নাগাদ চট্টগ্রাম-কক্সবাজার চারলেনের কাজ আরম্ভ হইবে? চট্টগ্রাম, দোহাজারী, কক্সবাজার

*৭৩৮। **জনাব মোস্তাফিজুর রহমান চৌধুরী (চট্টগ্রাম-১৬)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চট্টগ্রাম জেলার বাঁশখালী উপজেলার সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে কোনো রাস্তা আছে কিনা; থাকিলে, তাহার পরিমাণ কত; উক্ত রাস্তা সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী? ~~চট্টগ্রাম~~ (দোহাজারী)

*৭৩৯। **সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে দেশের কী পরিমাণ নতুন সড়ক চলাচলের জন্য উদ্বোধন করা হইয়াছে; তাহা কোন্ কোন্ জেলায় এবং পরিমাণ কত? সকল জোন

*৭৪০। **মোঃ শহিদুল ইসলাম (বকুল) (নাটোর-১)**: সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নাটোর জেলার বাগাতিপাড়া ও লালপুর উপজেলার সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীনে রাস্তার সংস্কার ও সম্প্রসারণ কাজ করিবার পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? নাটোর

*৭৪১। **ডাঃ সামিল উদ্দিন আহমেদ শিমুল (চাঁপাইনবাবগঞ্জ-১)**: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা চাপাঁইনবাবগঞ্জ জেলার শিবগঞ্জ উপজেলার শিক্ষিত বেকার ও দুস্থ মহিলাদের কর্মসংস্থানের লক্ষ্যে কোনো পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী?

*৭৪২। **জনাব আবদুল মান্নান (লক্ষ্মীপুর-৪)**: রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, লক্ষীপুর জেলার সঙ্গে রেলপথ স্থাপনের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং কবে নাগাদ রেলপথ স্থাপনের কাজ শুরু করা হইবে?

*৭৪৩। জনাব হাবিবুর রহমান (সিলেট-৩): বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, তাঁতিদের পেশা পরিবর্তন, সুতা ও রঙের নিম্নমান এবং অনিয়ন্ত্রিত মূল্যের কারণে ক্রমাগত তাঁত শিল্প বন্ধ হওয়ার উপক্রম; বন্ধ তাঁতসমূহ চালুকরণ, তাঁত শিল্পের আধুনিকায়ন, তাঁতিদের মূলধন সরবরাহ, তাঁত পণ্যের বহুমুখীকরণ, বাজার সম্প্রসারণ ও তাঁত খাতে দক্ষ কর্মী তৈরি করিবার লক্ষ্যে আমার নির্বাচনী এলাকার ফেঞ্চুগঞ্জ ও বালাগঞ্জ উপজেলায় দুইটি তাঁতপল্লী স্থাপনের পরিকল্পনা আছে কিনা?

*৭৪৪। জনাব মোহাম্মদ সাহিদুজ্জামান (মেহেরপুর-২): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুষ্টিয়া-মেহেরপুর ও চুয়াডাঙ্গা-মেহেরপুর সড়ক সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে? কুষ্টিয়া, মেহেরপুর ও চুয়াডাঙ্গা

*৭৪৫। সৈয়দ আবু হোসেন (ঢাকা-৪): বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে সারাদেশে তাঁত ফ্যাক্টরির সংখ্যা কত; উক্ত তাঁত শিল্প হইতে দেশের মোট বস্ত্রের চাহিদার শতকরা কতভাগ পূরণ হয়; এবং তাঁত শিল্পের উন্নয়নে গৃহীত পদক্ষেপ কী?

*৭৪৬। আদিবা আনজুম মিতা (মহিলা আসন-৩৭): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দারিদ্র্য বিমোচন কর্মসূচির অধীনে রাজশাহী জেলার গোদাগাড়ী উপজেলায় চলতি অর্থ বছরে ঋণ দেওয়ার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

*৭৪৭। জনাব মোঃ শহীদুজ্জামান সরকার (নওগাঁ-২): রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে রেল মন্ত্রণালয়াধীন রেলের ইঞ্জিনও ট্রেনের বগির সংখ্যা কত; এবং নতুন কোনো ইঞ্জিন ও ট্রেনের বগি আমদানী করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী

*৭৪৮। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২): মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর-২ এর অন্তর্গত রায়পুর ও সদর উপজেলার একাংশে বর্তমানে কোনো মহিলা কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণ কেন্দ্র রহিয়াছে কিনা; না থাকিলে, বর্ণিত উপজেলায় মহিলা কম্পিউটার ও সেলাই প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন করা হইবে কিনা?

*৭৪৯। বেগম সুলতানা নাদিরা (মহিলা আসন-১৫): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের দক্ষিণ-পূর্বাঞ্চলের সাথে দক্ষিণ পশ্চিমাঞ্চলের যোগাযোগ ও মালামাল পরিবহনের ক্ষেত্রে মিনিমাম ৮০ কিঃ মিঃ পথ কমাইয়া আনিবার জন্য বরগুনার বিষখালী নদীতে বামনা বদনীখালী পয়েন্টে অচিরেই একটি ইউটিলিটি ফেরী সার্ভিস স্থাপনের নির্দেশ দিবেন কিনা? বরগুনা

*৭৫০। জনাব মোঃ হাবিবর রহমান (বগুড়া-৫): বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) দেশে উৎপাদিত তুলা বস্ত্র খাতের শতকরা কতভাগ চাহিদা পূরণ হয়;

(খ) বাকি চাহিদা পূরণে বিদেশ হইতে আমদানী বাবদ কী পরিমাণ অর্থ ব্যয় হয়; (গ) আমদানী বাবদ ব্যয়িত অর্থ দেশীয় উৎপাদনে যোগান দিয়া আমদানী নির্ভরতা হ্রাস করিবার কোনো পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা; এবং না হইলে, তাহার কারণ কী?

*৭৫১। মীর মোস্তাক আহমেদ রবি (সাতক্ষীরা-২): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশের সড়ক পথে রেল ক্রসিংগুলিতে প্রায়ই দুর্ঘটনা ঘটে, এই দুর্ঘটনা প্রতিরোধের লক্ষ্যে বর্তমান সরকার কোনো পরিকল্পনা গ্রহণ করিয়াছে কিনা? TSW

*৭৫২। জনাব মোঃ মসিউর রহমান রাঙ্গাঁ (রংপুর-১): বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) চলতি বছরে দেশে পাট উৎপাদনের লক্ষ্যমাত্রা কত; বিদেশে রপ্তানির লক্ষ্যমাত্রা কত; এবং

(খ) নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে পাট চাষিদের উৎসাহিতকরণে কী কী প্রণোদনা দেওয়া হইয়াছে?

*৭৫৩। জনাব আনোয়ারুল আবেদীন খান (ময়মনসিংহ-৯): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলার নান্দাইল উপজেলায় সড়ক উন্নয়নে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? ময়মনসিংহ/ কিশোরগঞ্জ

***৭৫৪। জনাব শফিকুল ইসলাম শিমুল (নাটোর-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, সারাদেশে বর্তমানে তাঁতের সংখ্যা কত; কোন্ কোন্ এলাকায় অবস্থিত; তাঁত হইতে দেশের বস্ত্রের চাহিদার কত অংশ পূরণ হয়?

***৭৫৫। জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে ভারতে পাট ও পাটজাত দ্রব্য রপ্তানির উপর কত শতাংশ শুল্ক প্রদান করিতে হয়; উক্ত শুল্ক কমাইয়া আনিবার লক্ষ্যে বস্ত্র ও পাট মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

***৭৫৬। জনাব আহসানুল ইসলাম (টিটু) (টাঙ্গাইল-৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ১৩৫, টাঙ্গাইল-৬ নাগরপুর-দেলদুয়ার উপজেলা নিয়া গঠিত; বর্তমান সরকার ৩য় মেয়াদে ক্ষমতা গ্রহণের পর গত তিন অর্থ বছরে আপনার মন্ত্রণালয় হইতে আমার নির্বাচনী এলাকার রাস্তাঘাটের উন্নয়নের জন্য কী কী প্রকল্প গ্রহণ করা হইয়াছে; উপজেলাওয়ারী তাহার তালিকা কী; এবং বরাদ্দকৃত অর্থের পরিমাণ কত? টাঙ্গাইল

***৭৫৭। এনামুল হক (রাজশাহী-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজশাহী জেলায় বর্তমানে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় রাস্তার পরিমাণ কত; উক্ত সড়ক সম্প্রসারণ করিবার কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, কবে নাগাদ করা হইবে? রাজশাহী

***৭৫৮। জনাব মোঃ মুজিবুল হক (কিশোরগঞ্জ-৩):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, পাট শিল্প বাংলাদেশের অন্যতম প্রধান ভারি শিল্প, বর্তমান বিশ্বে পাট ও পাটজাত দ্রব্যের বৈদেশিক রপ্তানি আয়ের বৃহদাংশ বাংলাদেশের নিয়ন্ত্রণে রহিয়াছে; যাহা বিশ্ববাজারে প্রায় ৬৫% । পাট শিল্প বিকাশের জন্য বিদেশে আরও বেশী পরিমাণ পাট ও পাটজাত দ্রব্য রপ্তানি করিবার জন্য সরকারের কী কোনো পরিকল্পনা আছে?

***৭৫৯। জনাব বেনজীর আহমদ (ঢাকা-২০):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে বিআরটিসি বাসের সংখ্যা কত; ঢাকা হইতে কোন্ কোন্ জেলায় বিআরটিসি বাস চলাচল করে; এবং দেশের প্রতিটি জেলায় বিআরটিসির বিলাসবহুল বাস পরিচালনা করা হইবে কিনা?

***৭৬০। জনাব এ. কে. এম. রহমতুল্লাহ (ঢাকা-১১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) ইহা সত্য কিনা যে, অদক্ষ চালকের কারণে অধিকাংশ দুর্ঘটনা সংগঠিত হয়; আবার মেয়াদ উত্তীর্ণ যানবাহন রাস্তায় নামাইয়া দেওয়ায় যানজট লাগিয়ে থাকে; এবং

(খ) উত্তর হ্যাঁ সুচক হইলে, এতদ্বিষয়ে সড়কে নিয়মিত মোবাইল কোর্ট চালু রাখা হইবে কিনা; না হইলে, তাহার কারণ কী?

***৭৬১। জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছর দেশে নতুন কোনো সেতু নির্মাণের পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং থাকিলে, তাহা কী?

***৭৬২। জনাব ফখরুল ইমাম (ময়মনসিংহ-৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলায় সড়ক উন্নয়নে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? ময়মনসিং 2
3 কিশোরগঞ্জ

***৭৬৩। জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানী ঢাকাকে যানজটের কবল হইতে রক্ষার্থে যানজট নিরসনে গণপরিবহন ব্যবস্থাকে আরো উন্নত ও গতিশীল করিবার কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কী?

***৭৬৪। জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১):** সড়ক পরিবহন ও সেতু (সেতু বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমান সরকারের তিন মেয়াদে এই পর্যন্ত দেশে ছোট বড় কতটি সেতু নির্মাণ করা হইয়াছে; কতটি বড় ও কতটি ছোট; এবং নতুন কোনো সেতু নির্মাণের কোনো পরিকল্পনা আছে কিনা; থাকিলে, তাহা কী?

*৭৬৫। জনাব আঃ কাঃ মঃ সরওয়ার জাহান (কুষ্টিয়া-১): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, কুষ্টিয়া-ভেড়ামারা-দৌলতপুর রাস্তার সংস্কার ও সম্প্রসারণ কাজ করিবার পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, বর্তমানে কাজের অগ্রগতি কী; এবং দৌলতপুর অংশের অবস্থা কী? কুষ্টিয়া

*৭৬৬। জনাব মোঃ আনোয়ারুল আজীম (আনার) (ঝিনাইদহ-৪): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা ৮৪-ঝিনাইদহ-৪ এর কালিগঞ্জ উপজেলায় সড়ক উন্নয়নে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? ঝিনাইদহ

*৭৬৭। জনাব মোহাম্মদ এবাদুল করিম (ব্রাহ্মণবাড়িয়া-৫): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় ব্রাহ্মণবাড়িয়া জেলায় সড়ক সম্প্রসারণ ও সংস্কার করিবার লক্ষ্যে কোনো প্রকল্প গ্রহণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী? ব্রাহ্মণবাড়িয়া

*৭৬৮। জনাব সামছুল আলম দুদু (জয়পুরহাট-১): সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, জয়পুরহাট শহরের যানজট নিরসন, দূর্ঘটনারোধ, ভবিষ্যতে যাতায়াত সুবিধার্থে

(ক) বাটার মোড় হইতে পাকার মাথা পর্যন্ত সড়ক প্রশস্তকরণ; (খ) জিরো পয়েন্ট হইতে পুরানাটপল পর্যন্ত সড়ক প্রশস্তকরণ; (গ) জিরো পয়েন্ট হইতে কুড়িবাড়ি ব্রিজ ও জিরো পয়েন্ট হইতে বটতলী ব্রিজ পর্যন্ত সড়ক প্রশস্তকরণের জন্য প্রথমে ঘোষণা এবং পরবর্তীতে তদন্তপূর্বক উক্ত সড়কগুলি প্রশস্তকরণের উদ্যোগ গ্রহণ করিবেন কী; করিলে, তাহা কী; না করিলে, তাহার কারণ কী? জয়পুরহাট

কে, এম, আব্দুস সালাম
সংসদ সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।

ঢাকা,
৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ।

## বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়
### প্রশ্ন শাখা

২০২৩ সালের ২৯ জানুয়ারি, রবিবার অনুষ্ঠেয় সংসদের বৈঠকে লিখিত উত্তরদানের জন্য প্রশ্ন-তালিকা।

**৬০৪। জনাব এম. আব্দুল লতিফ (চট্টগ্রাম-১১):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ইহা সত্য কিনা যে, বর্তমানে সারাদেশের বেশির ভাগ শিশু প্রায় সময় বাসায় মোবাইল, ল্যাপটপ এবং আইপ্যাড নিয়া সময় কাটায়; যাহা তাহাদের শারীরিক ও মানসিক স্বাস্থ্যের জন্য অত্যন্ত অমঙ্গলজনক; বিষয়টি সত্য হইলে, অভিভাবকদের মাঝে জনসচেতনতা সৃষ্টির লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিবে কিনা?

**৬০৫। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) বাংলাদেশ রেলওয়ের সর্বমোট কত হেক্টর জমি আছে; এবং

(খ) উক্ত জমির মধ্যে লিজ দেওয়া কত হেক্টর; বেদখল কত হেক্টর; জমির অবস্থানসহ বিস্তারিত তথ্য কী?

**৬০৬। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, আমার নির্বাচনী এলাকা লক্ষ্মীপুর জেলার রায়পুর ও সদর উপজেলার একাংশে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় মহাসড়ক সম্প্রসারণ ও সংস্কার কার্যক্রমের কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী? লক্ষ্মীপুর

**৬০৭। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশের অসহায় মহিলাদের আত্মনির্ভরশীল করিয়া তুলিবার লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কোনো প্রকল্প গ্রহণ করিয়াছে কিনা; করিলে, তাহা কী?

**৬০৮। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশে বস্ত্রের চাহিদার পরিমাণ কত; চাহিদা অনুযায়ী দেশে কী পরিমাণ বস্ত্র তৈরি হয়; এবং কী পরিমাণ বস্ত্র আমদানি করা হয়?

**৬০৯। বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১০ সাল হইতে এই পর্যন্ত বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলায় সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের মাধ্যমে কোনো রাস্তা ও সেতু নির্মাণ করা হইয়াছে কিনা; হইলে, তাহা কী; এবং বর্তমানে কোনো সেতু নির্মাণাধীন আছে কিনা; থাকিলে, তাহা কী? বরিশাল

**৬১০। জনাব নুর উদ্দিন চৌধুরী নয়ন (লক্ষ্মীপুর-২):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, দেশে অধিক পরিমাণ পাট উৎপাদনের উদ্দেশ্যে কৃষকদের সার্বিক সহায়তা করিবার লক্ষ্যে সরকারের পক্ষ হইতে কী কী পদক্ষেপ গ্রহণ করা হইয়াছে?

**৬১১। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) সরকারি ব্যবস্থাপনায় থানা পর্যায়ে একটি করিয়া পাট ক্রয় কেন্দ্র স্থাপনের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; এবং

(খ) উত্তর হ্যাঁ সূচক হইলে, কবে নাগাদ তাহা বাস্তবায়িত হইবে; না সূচক হইলে, তাহার কারণ কী?

**৬১২। জনাব মোহাম্মদ হাবিব হাসান (ঢাকা-১৮):** রেলপথ মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) ঢাকা হইতে দূরপাল্লার রুটে বৈদ্যুতিক ট্রেন চালু কার্যক্রম বর্তমানে কোন পর্যায়ে আছে; এবং

(খ) কবে নাগাদ তাহা পূর্ণাঙ্গ বাস্তবায়িত হইবে?

**৬১৩। সৈয়দা রুবিনা আক্তার (মহিলা আসন-২৮):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে পাট দিয়া কী কী পণ্য তৈরি হয়; উক্ত পণ্য বিদেশে রপ্তানি করা হয় কিনা; হইলে, কোন্ কোন্ দেশে রপ্তানি করা হয়?

৬১৪। **জনাব কাজিম উদ্দিন আহম্মেদ (ময়মনসিংহ-১১):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে পাট ও পাটজাত দ্রব্যাদি রপ্তানির পরিমাণ কত; গত বছরে রপ্তানির পরিমাণ কত ছিল?

৬১৫। **জনাব মাহফুজুর রহমান (চট্টগ্রাম-৩):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে আমার নির্বাচনী এলাকা ২৮০ চট্টগ্রাম-০৩ এর সন্দ্বীপ উপজেলায় মহিলাদের জন্য আত্মনির্ভরশীল কোনো প্রকল্প চলমান আছে কিনা; থাকিলে, তাহা কী; এবং না থাকিলে, প্রকল্প গ্রহণ করিবেন কিনা?

৬১৬। **জনাব আনোয়ার হোসেন খান (লক্ষ্মীপুর-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে লক্ষ্মীপুর জেলার সড়ক ও জনপথ বিভাগের আওতায় রামগঞ্জ উপজেলার সড়ক উন্নয়নের লক্ষ্যে কী পরিমাণ অর্থ বরাদ্দ করা হইয়াছে? লক্ষ্মীপুর

৬১৭। **বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলার বাকেরগঞ্জ উপজেলাধীন গোমা ব্রিজের নির্মাণ কাজ বর্তমানে কোন পর্যায়ে আছে; এই ব্রিজ নির্মাণ কবে নাগাদ সম্পন্ন হইবে? বরিশাল

৬১৮। **বেগম নাসরিন জাহান রতনা (বরিশাল-৬):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বরিশাল জেলা শহরে বাইপাস সড়ক নির্মাণের কোনো পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, কবে নাগাদ নির্মাণ করা হইবে; না হইলে, নির্মাণের পদক্ষেপ গ্রহণ করা হইবে কিনা? বরিশাল

৬১৯। **জনাব মোরশেদ আলম (নোয়াখালী-২):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, নোয়াখালী জেলার সেনবাগ এবং সোনাইমুড়ি উপজেলায় চলতি অর্থ বছরে সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় কোনো সেতু ও সড়ক নির্মাণ করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহার হিসাব কী? নোয়াখালী

৬২০। **জনাব দিদারুল আলম (চট্টগ্রাম-৪):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, রাজধানী ঢাকা এবং বাণিজ্যিক রাজধানী চট্টগ্রামের গণপরিবহন ব্যবস্থাকে ঢালিয়া সাজাইবার লক্ষ্যে আপনার মন্ত্রণালয় কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, তাহা কী?

৬২১। **জনাব মোঃ মামুনুর রশীদ কিরন (নোয়াখালী-৩):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, হস্ত শিল্পে উৎপাদিত পাটজাত দ্রব্য বিদেশের বাজারে প্রতিযোগিতায় টিকিয়া থাকিবার জন্য সরকার কোনো পদক্ষেপ গ্রহণ করিয়াছে কিনা; এবং করিলে, তাহা কী?

৬২২। **নুরুন্নবী চৌধুরী (ভোলা-৩):** বস্ত্র ও পাট মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, ২০১৮-২০১৯ অর্থ বছর হইতে ২০২০-২০২১ অর্থ বছরে মোট কত মেট্রিকটন পাট উৎপাদন হইয়াছে; এবং এই সময়ে কত মেট্রিকটন পাট রপ্তানি করা হইয়াছে; উক্ত রপ্তানি বাবদ অর্থ বছরওয়ারী কী পরিমাণ বৈদেশিক মুদ্রা অর্জিত হইয়াছে?

৬২৩। **জনাব নিজাম উদ্দিন হাজারী (ফেনি-২):** মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, বর্তমানে দেশের দুস্থ মহিলাদের প্রকৃত পরিসংখ্যান রহিয়াছে কিনা; থাকিলে, সংখ্যা কত; বর্তমানে দুস্থ মহিলাদের জন্য কী কী কর্মসূচি চলমান রহিয়াছে?

৬২৪। **জনাব নাছিমুল আলম চৌধুরী (কুমিল্লা-৮):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি, চলতি অর্থ বছরে কুমিল্লা জেলায় কোনো রাস্তা/সড়ক ও জনপথ বিভাগের আওতায় অন্তর্ভুক্ত করিবার পরিকল্পনা সরকারের আছে কিনা; থাকিলে, তাহা কবে নাগাদ বাস্তবায়ন করা হইবে? কুমিল্লা

৬২৫। **জনাব সামছুল আলম দুদু (জয়পুরহাট-১):** সড়ক পরিবহন ও সেতু (সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ) মন্ত্রী মহোদয় অনুগ্রহ করিয়া বলিবেন কি- (ক) গত ২৩/১১/২০১১ খ্রিঃ তারিখে আপনার মন্ত্রণালয়ে জমাকৃত "সরু ও ঝুঁকিপূর্ণ জয়পুরহাট-ধামইরহাট-নওগাঁ সড়কে সদর উপজেলাধীন খনজনপুর নামক স্থানে সুইচগেট সংলগ্ন সরলীকরণ ব্রিজ নির্মাণ; এবং নওগাঁ ও জয়পুরহাট

(খ) গত ২৩/১১/২০২১ ইং তারিখে আপনার মন্ত্রণালয়ে জমাকৃত ‘‘সড়ক ও জনপথ অধিদপ্তরের অধীন জয়পুরহাট-নওগাঁ সড়কে ‘‘মঙ্গলবাড়ি নামক স্থানে’’ মঙ্গলবাড়ি বাজার হইতে জয়পুরহাট মঙ্গলবাড়ি এসএম ডিগ্রি কলেজ সংলগ্ন খাড়ি পর্যন্ত ড্রেন নির্মাণের জন্য দুইটি ডিও লেটার দেওয়া আছে, উক্ত দুইটি ডিও লেটারের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন কী; করিলে, তাহা কী; না করিলে, তাহার কারণ কী?

ঢাকা,
৩ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ।
১৭ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ।

কে, এম, আব্দুস সালাম
সংসদ সচিব
বাংলাদেশ জাতীয় সংসদ।